

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

## গণবিজ্ঞপ্তি

### (পুরাতন/অকেজো লেড-এসিড ব্যাটারীর সীসা দূষণ)

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৬ক-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাণিজ্যিকভাবে পুনঃপ্রক্রিয়াকরণের উদ্দেশ্যে, লেড-এসিড ব্যাটারী ভেঙ্গে, আগুনে গলায়ে সীসা ও অন্যান্য বস্তু সংগ্রহ ও পুনঃব্যবহারের কার্যক্রম ও ব্যবস্থাপনার বিষয়ে ৫ (পাঁচ)টি শর্ত প্রতিপালনের শর্তে এস.আর.ও নং ১৭৫-আইন/২০০৬ এবং এস.আর.ও নং ২৯-আইন/২০০৮ মাধ্যমে প্রজ্ঞাপন জারি করে। উক্ত প্রজ্ঞাপনে পরিবেশগত ছাড়পত্র ছাড়া পুরাতন ও অকেজো ব্যাটারী ভাঙ্গা, আগুনে গলানোর কার্যক্রম পরিচালনা করা এবং উন্মুক্ত স্থান, মাটি, পানি, অন্য কোনো স্থানে সংরক্ষণ বা নিক্ষেপের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়। প্রজ্ঞাপনে পুরাতন বা অকেজো ব্যাটারীর নিরাপদ অপসারণের (Safe Disposal) উদ্দেশ্যে পরিবেশগত ছাড়পত্র গ্রহণকারী ব্যাটারী পুনঃপ্রক্রিয়াকরণ কারখানা বা প্রতিষ্ঠানের (Recycling Plant) সঙ্গে চুক্তিবদ্ধ ব্যাটারীর খুচরা বিক্রেতা, বৃহৎ ব্যবহারকারী, ডিলার বা ডিস্ট্রিবিউটরের কাছে পুরাতন ব্যাটারী হস্তান্তর মূল্যে প্রদান ও গ্রহণ বিষয়টি উল্লেখ আছে।

কিছু লক্ষ্য করা যাচ্ছে যে, প্রজ্ঞাপনের শর্ত উপেক্ষা করে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে অনেক ব্যাটারী পুনঃচক্রায়ন প্রতিষ্ঠান পুরাতন ব্যাটারী নিরাপদ পুনঃচক্রায়ন ও অপসারণ পদ্ধতি অনুসরণ না করে কার্যক্রম পরিচালনা করছে। এ ছাড়া উন্মুক্ত স্থানে ব্যাটারী ভাঙ্গা ও সীসা অপসারণের কারণে বাতাস ও মাটিতে সীসার দূষণ ছড়াচ্ছে এবং জনস্বাস্থ্য হুমকির মধ্যে পড়ছে। বর্ষিত অবস্থার প্রেক্ষিতে সীসায়ুক্ত ব্যাটারী ব্যবহারকারী থেকে পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠান পর্যন্ত সকলকে নিম্নবর্ণিত নির্দেশাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো :

ক. পরিবেশগত ছাড়পত্রবিহীন ব্যাটারী পুনঃচক্রায়নকারী (Recycler) প্রতিষ্ঠানদের অবিলম্বে তাদের কার্যক্রম বন্ধ করতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ. পরিবেশগত ছাড়পত্র গ্রহণকারী পুনঃচক্রায়নকরণ সুবিধা সম্বলিত ব্যাটারী উৎপাদনকারী প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায় পুরাতন/অকেজো ব্যাটারী সংগ্রহ ও পুনঃচক্রায়ন করতে হবে।

গ. পরিবেশগত ছাড়পত্রবিহীন কোনো অননুমোদিত পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠানের কাছ থেকে সীসা ক্রয় করা যাবে না।

ঘ. পুরাতন বা অকেজো ব্যাটারীর নিরাপদ পুনঃচক্রায়ন ও অপসারণের (Safe Recycling and Disposal) জন্য পরিবেশগত ছাড়পত্র রয়েছে এমন পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠানকে হস্তান্তর মূল্যে প্রদান করতে হবে।

ঙ. সকল প্রকার ব্যাটারীর খুচরা বিক্রেতা, বৃহৎ ব্যবহারকারী, ডিলার ও ডিস্ট্রিবিউটরকে পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষার স্বার্থে নূতন ব্যাটারী বিক্রয়ের সময় ক্রেতার কাছ থেকে নূতন ব্যাটারীর বিপরীতে পুরাতন ও অকেজো ব্যাটারী সংগ্রহ করে যথাশীঘ্র সম্ভব তা পরিবেশগত ছাড়পত্র প্রাপ্ত পুনঃপ্রক্রিয়াজাতকরণ কারখানা বা প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।

মহাপরিচালক

পরিবেশ অধিদপ্তর

ফোন: ৮১৮১৮০০

ই-মেইল: [dg@doe.gov.bd](mailto:dg@doe.gov.bd)

ফেসবুক : [facebook.com/doebd](https://facebook.com/doebd)